



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৬.০০৬.০০৬.২২/

তারিখঃ ২৩ জুন ২০২২

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২১-২২ অর্থবছরে ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী
মহাব্যবস্থাপক (বিপণন দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ২২-০৬-২০২২

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : পরিশিষ্ট-“ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানীতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার বিগত ১০ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

এছাড়াও, কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি ও সংশ্লিষ্ট বিষয়াদী নিয়ে পর্যালোচনা হয়।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	ই-নথি ও হার্ড ফাইলে নোট নিষ্পত্তি করণ।	ই-নথিতে নোট নিষ্পত্তিকরণের শতকরা হার সঠিকভাবে নির্ণয়ের লক্ষ্যে ডিভিশনসমূহ থেকে হার্ডকপি ও ই-নথিতে নিষ্পত্তিকৃত নথির সংক্ষ্যার হিসাব জরুরী ভিত্তিতে সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২১-২০২২ অর্থবছরের হার্ড-কপি নথির সংখ্যা আগামী ৩০ জুন তারিখ অপরাহ্নের মধ্যে সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইনোভেশন টিম।
২.২	কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে ইনোভেটিভ আইডিয়া সংগ্রহ।	আগামী ২০২২-২০২৩ অর্থবছরের বাস্তবায়নের নিমিত্ত কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে সংগৃহীত ইনোভেটিভ আইডিয়াসমূহ নিয়ে সভায় আলোচনা হয়। প্রাপ্ত আইডিয়াসমূহ তালিকাভুক্ত করে পর্যালোচনা/মূল্যায়নের নিমিত্ত মূল্যায়ন কমিটির নিকট প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে প্রাপ্ত ইনোভেটিভ আইডিয়াসমূহ মূল্যায়ন কমিটির মাধ্যমে ক্যাটাগরী ভিত্তিতে দ্রুত মূল্যায়ন করতঃ সুপারিশসহ প্রতিবেদন দাখিলের জন্য কমিটির আহবায়ক বরাবর প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম।

২.৩	কোম্পানির উদ্ভাবন পরিকল্পনা ২০২১-২০২২ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন।	কোম্পানির উদ্ভাবন পরিকল্পনা ২০২১-২০২২ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথা সময়ে সম্পন্ন করণের বিষয়ে সভায় আলোচনা হয়।	কোম্পানির উদ্ভাবন পরিকল্পনা ২০২১-২০২২ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ের মধ্যে প্রস্তুত করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইনোভেশন টিম।
-----	---	---	---	--------------------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী)
মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। দপ্তর নথি।